

# জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়

## প্রাক্তন শিক্ষার্থীদের নৌবিহার পুনর্মিলনী ২০২০



### সিডনী থেকে কায়সার আহমেদ:

মহা উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে গত শনিবার ৭ই মার্চ ২০২০ সম্পন্ন হলো অস্ট্রেলিয়া প্রবাসী জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় এর প্রাক্তন শিক্ষার্থীদের “নৌবিহার পুনর্মিলনী ২০২০”। সমগ্র অস্ট্রেলিয়ার বিভিন্ন রাজ্য থেকে আগত বিশ্ববিদ্যালয়ের ২য় ব্যাচ থেকে ৪৩ ব্যাচ পর্যন্ত প্রায় ২৫০ এর অধিক অংশগ্রহন অনুষ্ঠানটিকে আনন্দমুখর করে তুলেছিলো। প্রতিবছরই এ ধরনের আয়োজন স্থলে হয়ে থাকলেও এবারের আয়োজন ছিলো পানিতে। তিনতলার বিশাল এক নৌজাহাজে ভেসে ভেসে পুনর্মিলনের আনন্দ উপভোগ করেছে সবাই।

সকাল এগারোটায় সিডনির কেবারিটা পার্কে সকালের নাস্তা দিয়ে অনুষ্ঠানের শুরু করা হয়। “ভেগাবন্ড” নামের বিশাল নৌযানটি বেলা বারোটায় কেবারিটা ফেরী ঘাটে ভিরলে সুশৃংখলভাবে একে একে সবাই আরোহন করলে নৌযানটি সবাইকে নিয়ে পাচ ঘন্টার নৌবিহারে ভাসমান হয়। জাহাজে আরোহনের পর চা কফি ও কেক দিয়ে সবাইকে আপ্যায়ন করা হয়।

সাংস্কৃতিক অনুষ্ঠান শুরুর পূর্বে অনুষ্ঠানের বিশেষ স্পন্সর নাসিম ভূইয়া ও জাহিদ কনককে মঞ্চে আহ্বান করে সম্মান সূচক পদক প্রদান করা হয়, নৌবিহার আয়োজনে তাদের বিশেষ সাহায্যের কথা স্মরণ করে সকল অংশগ্রহনকারী ও আয়োজকদের পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করেন ৮ম ব্যাচের খালেদা কায়সার মিনি। এবারের পুনর্মিলনীতে প্রথমবারের মত স্মরণিকা প্রকাশ করা হয় এবং যুগ্মভাবে মোড়ক উন্মোচন করেন ২য় ব্যাচের আনিসুজ্জামান এবং ঢাকা থেকে আগত ৭ম ব্যাচের কায়কোবাদ হোসেন।

এরপরই শুরু হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং দুপুরের খাবার। খাবারের পর ফটো সেশন ও র্যাফেল ড্র এবং সর্বশেষে সবার অংশগ্রহনে বাদ্যের তালে তালে উন্মুক্ত নাচ।

সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও অংশগ্রহনে ছিলেন ৮ম ব্যাচের শাহীন শাহনেওয়াজ, ১৬তম ব্যাচের রাসেল ইকবাল, ২৫তম ব্যাচের রোজলীন তুলি, মিরোভা শারমিন, শরিফুল বাসেত চমন, নিয়াজ ইমতিয়াজ, উময়শংকর বড়ুয়া বনফুল, ২৯তম ব্যাচের শিপলু, ৩০তম ব্যাচের লামিয়া আহমেদ ও ৪০তম ব্যাচের জাওয়াদ।

এবারের আয়োজনে সার্বিক দায়িত্বে ছিলেন ৮ম ব্যাচের খালেদা কায়সার, ১৩তম ব্যাচের মাহফুজুল হক চৌধুরী খসরু ও সাবিনা ইয়াসমিন বেবী, ২৫তম ব্যাচের রোজলীন তুলি ও রাশেদুল ইসলাম চমন, ১৫তম ব্যাচের সাইফ সিকান্দার রাফেল, ১৬তম ব্যাচের বিজয় ভৌমিক ও ২১তম ব্যাচের লিটন বাউল।

## আলোক চিত্রগ্রাহক আরিফের চোখে কিছু দুর্লভ মুহূর্ত









